(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি কলেজ-৬ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৪৭ তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৬
০১ মার্চ ২০২০

বিষয়: **খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন ফসিয়ার রহমান মহিলা কলেজের অধ্যক্ষ জনাব মো: রবিউল ইসলাম এর বিরুদ্ধে আনীত বিভিন্ন অভিযোগের বিষয়ে ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.১১৩.১৯-/৪০৭২ তারিখ-২৩.০৯.২০১৯খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন ফসিয়ার রহমান মহিলা কলেজের অধ্যক্ষ মো: রবিউল ইসলাম এর বিরুদ্ধে আনীত বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে সত্যতা পাওয়া গেছে।

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভার্নিং বডি গঠন ও ম্যানেজিং কমিটি সংক্রান্ত প্রবিধানমালার ৪১ এর ২(ঘ)২নং প্রবিধান মোতাবেক সংশ্লিষ্ট অধ্যক্ষের বিরুদ্ধে অপসারণ ও বরখাস্তকরণ ব্যতীত অন্যান্য বিভাগীয় ব্যবস্থা গ্রহণ ও দণ্ড অনুমোদন সংক্রান্ত এখতিয়ার সংশ্লিষ্ট গভার্নিং বডি বা ম্যানেজিং কমিটির। অন্যদিকে, অপসারণ/বরখাস্তকরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট বোর্ডের পূর্বানোমোদন সাপেক্ষে গভার্নিং বডি বা ম্যানেজিং কমিটি তা আরোপ করতে পারবে।

এমতাবস্থায়, খুলনা জেলার পাইকগাছা উপজেলাধীন ফসিয়ার রহমান মহিলা কলেজের অধ্যক্ষ মো: রবিউল ইসলাম এর বিরুদ্ধে আইনানুগ বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য উক্ত কলেজের গভর্নিং বডি/ম্যানেজিং কমিটিকে নির্দেশনা প্রদানসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩-৩-২০২০
মোহাম্মদ আলমগীর হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৭৭৪২৫

মহাপরিচালক
মহাপরিচালকের দপ্তর
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭০.৭৭.০০১.১৮.৪৭/১(৯) তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৬
০১ মার্চ ২০২০

০১ মার্চ ২০২০

সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) সচিব এঁর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (গভার্নিং বডি কর্তৃক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়টি নিশ্চিতপূর্বক এ বিভাগকে অবহিতকরণের জন্য অনুরোধ করা হলো)

৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৬) সভাপতি, গভার্নিং বডি, ফসিয়ার রহমান মহিলা কলেজ, পাইকগাছা, খুলনা।

৭) শেখ রুহুল কুদ্দুস, সহকারি অধ্যাপক ও সদস্য (শিক্ষক প্রতিনিধি) ফসিয়ার রহমান মহিলা কলেজ পরিচালনা পরিষদ, পাইকগাছা,খুলনা।

৮) জনাব সুধাংশু কুমার মণ্ডল, সহকারি অধ্যাপক ও সাবেক সাধারণ সম্পাদক, শিক্ষক পরিষদ, ফসিয়ার রহমান মহিলা কলেজ,পাইকগাছা, খুলনা।

৯) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩-৩-২০২০

মোহাম্মদ আলমগীর হোসেন

সিনিয়র সহকারী সচিব